

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/16/2019

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

**গভর্নর কুওমো আজ সংবাদ মাধ্যমকে শারীরিকভাবে আঘাত করাকে গুরুতর অপরাধ বলে গণ্য করার প্রস্তাব 2019 এর কার্যনির্বাহী বাজেটে অন্তর্ভুক্ত করার কথা ঘোষণা করেছেন**

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ সংবাদমাধ্যমকে শারীরিকভাবে আঘাত করার জন্য অপরাধমূলক শাস্তি বৃদ্ধি করা 2019 এর কার্যনির্বাহী বাজেটের অন্তর্ভুক্ত করার প্রস্তাব ঘোষণা করেন। সংবাদ মাধ্যমের সদস্যদের প্রতি সাম্প্রতিক হিংসাত্মক ঘটনাগুলির কারণে সাংবাদিকদের অতিরিক্ত সুরক্ষা প্রদান করার উদ্দেশ্যে, গভর্নর এমন আইন প্রণয়ন করছেন যা সাংবাদিকতার কাজের সময় সংঘটিত সাংবাদিকদের উপর শারীরিক আক্রমণের শাস্তি গুরুতর অপরাধের স্তরে বৃদ্ধি করবে।

"সাংবাদিকদের কাজ এমনিতেই যথেষ্ট কঠিন এবং শুধু তাদের কাজ করার জন্য ক্রমবর্ধমানভাবে শারীরিক ক্ষতির ঝুঁকি বহন করতে হবে এটা গ্রহণযোগ্য নয় এবং অযৌক্তিক", **গভর্নর কুওমো বলেন।** "যখন বর্তমান যুক্তরাষ্ট্রীয় প্রশাসন এমন পরিবেশ তৈরি করেছে যা সংবাদ মাধ্যমের উপর আক্রমণকে স্বাভাবিক, এমন কি তাকে উৎসাহ পর্যন্ত দিচ্ছে, তখন নিউ ইয়র্ক তার বিরুদ্ধে দাঁড়াচ্ছে। আমার আশা এই সুরক্ষাগুলিকে চূড়ান্তভাবে আইনে প্রণয়ন করতে অন্য রাজ্যগুলিও আমাদের সাথে যোগদান করবে।"

এই আইন সাংবাদিকের উপর শারীরিক আক্রমণকে লঘু অপরাধ থেকে ক্লাস D গুরুতর অপরাধে বর্ধিত করবে। সমতুল্য সুরক্ষাসমূহ নার্স, উপযোগিতার কর্মী, MTA কর্মচারী, সঙ্কটকালীন চিকিৎসা পরিষেবার টেকনিশিয়ান এবং প্রসেস সার্ভার সহ অন্যান্য পেশাগুলির ক্ষেত্রে বিদ্যমান।

মিডিয়া সদস্যদের নিজের কাজ সম্পর্কিত কর্তব্য করার সময় নিরাপদ বোধ করা উচিত। গভর্নরের এই আইন আবার নিশ্চিত করবে যে নিউ ইয়র্ক স্টেট শূন্য সহনশীলতা পোষণ করে সাংবাদিকদের উপর কোনো হিংসাত্মক আক্রমণের ক্ষেত্রে, এবং যারা এই আইন লঙ্ঘন করবে, তাদের সম্পূর্ণরূপে দায়বদ্ধ করবে।

প্রেসের স্বাধীনতা সাংবিধানিকভাবে প্রত্যয়িত অধিকার এবং আমাদের গণতন্ত্রের একটি স্তম্ভ। কিন্তু, ট্রাম্প প্রশাসন প্রেসের উপর একটি আক্রমণে প্রবৃত্ত হয়েছে, যে সাংবাদিকতা তাদের পছন্দ নয়, তাকে "ভুলো থবর" তকমা লাগিয়ে যাতে প্রশাসনের নিজের কর্মসূচী এগিয়ে নিয়ে যাওয়া যায় এবং মিডিয়া সম্বন্ধে জনসাধারণের মধ্যে ঘৃনাকে উদ্বুদ্ধ করা যায়। দুর্ভাগ্যবশত, বাগাডেশ্বর এবং প্রকাশ্য বক্তৃতা হিংসা এবং সাংবাদিক, সংবাদ বিতরণের স্থান, এবং প্রেসের সদস্যদের উপর আক্রমণের চেষ্টায় হারিয়ে গেছে। 2017 সালে, অবাস্থিত প্রশ্ন করার জন্য একজন কংগ্রেসের প্রার্থী হিংসাত্মকভাবে একজন সাংবাদিককে শারীরিকভাবে আক্রমণ করেন - পরে প্রেসিডেন্ট ট্রাম্প এরকম একটি ঘৃণ্য কাজের প্রশংসা করেন। গত অক্টোবরে, ফ্লোরিডার একজন মানুষকে বিশিষ্ট রাজনৈতিক ব্যক্তিদের এবং সংবাদ এজেন্সিগুলির ঠিকানা ডাক মারফত 14টি বোমা পাঠানোর অভিযোগ করা হয়, যার মধ্যে দুটির ঠিকানা ছিল একটি জাতীয় সংবাদ নেটওয়ার্কের নিউ ইয়র্ক স্টুডিওর প্রযত্নে। 2018

সালের আগস্টে, ক্যালিফোর্নিয়ার একজন মানুষকে গ্রেপ্তার করা হয়েছিল যিনি বোস্টন গ্লোবকে আনুমানিক এক ডজন বার ফোন করে সাংবাদিকদের গুলি করার হুমকি দিয়েছিলেন।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসারস্কাইব করুন](#)